
বিশ্বজিৎ প্রযোজিত প্রসেনজিৎ অভিনীত
ছোট্ট
জিজ্ঞাসা

ট্রায়ো ফিল্মসের নিবেদন

বিশ্বজিৎ প্রযোজিত

# ছোট্ট জিজ্ঞাসা



প্রসেনজিৎ অভিনীত

সংগঠনে : রত্না চট্টোপাধ্যায়

প্রধান উপদেষ্টা ॥ **হৃষীকেশ মুখোপাধ্যায়** ॥ সংগীত : **নচিকেতা ঘোষ**
কাহিনী ও গীতরচনা : **গৌরীপ্রসন্ন মজুমদার** ॥ চিত্রগ্রহণ : **দিলীপরঞ্জন মুখার্জী**
সংগীতগ্রহণ ও শব্দ পুনঃযোজনা : শ্যাম সুন্দর ঘোষ ॥ শিল্পনির্দেশনা : সুধীর খাঁ
শব্দগ্রহণ : বাণী দত্ত ও অতুল চ্যাটার্জী, (বহির্দৃশ্যে) অনিল তালুকদার, সুজিত সরকার
ও দশরথজী ॥ রূপসজ্জা : গোপাল হালদার ॥ কর্মসচিব : রতন চক্রবর্তী ॥ তত্ত্বাবধায়ক :
**নিমাই মৈত্র** ॥ স্থিরচিত্র : এড্‌না লরেঞ্জ ॥ পটশিল্প : কয়াল এ্যাণ্ড কোম্পানী ॥ পরিচয়
লিখন : শ্রীশঃ ॥ সাজসজ্জা : দি নিউ ষ্টুডিও সাপ্লাই ॥ প্রচার অঙ্কন : এস, স্কোয়ার
নিরআর্ট, জে, এল, কে, এ, কে কনসার্ন ও প্রফুল্ল নাগ ॥ প্রধান সহকারী পরিচালক :
**রঞ্জন মজুমদার** ॥ প্রচার সচিব : নিতাই দত্ত ॥ প্রচার উপদেষ্টা : **শ্রীপঞ্চানন**

নেপথ্য কণ্ঠসংগীতে : **হেমন্ত মুখার্জী, ধনঞ্জয় ভট্টাচার্য ও নীতা সেন** ॥ বিশ্বভারতী
ও রাইচাঁদ বড়ালের সৌজন্যে প্রাপ্ত **রবীন্দ্রনাথের জুতা আবিষ্কার মূকাভিনয়।**

**সহকারীবৃন্দ** ॥ পরিচালনায় : তাপস বসু, জয়ন্ত বসু ॥ সংগীত পরিচালনায় : অলক দে
সম্পাদনায় : তাপস মুখার্জী, শঙ্কর প্রধান ও গুপ্তে ভাই ॥ চিত্রগ্রহণে : গৌর কর্মকার,
দেবেন দে. দুখীরাম অধিকারী ও কেষ্ট মণ্ডল ॥ শব্দযন্ত্রে : হৃষি ব্যানার্জী, রথীন ঘোষ
ও নিতাই (বহির্দৃশ্য) ॥ রূপসজ্জায় : তারাপদ পাইন ॥ সাজসজ্জায় : কেদার শর্মা
শিল্পনির্দেশনায় : সুরেশ চন্দ্র কর ও শচীন্দ্র ভট্টাচার্য ॥ সংগীত ও শব্দপুনঃর্যোজনায় :
জ্যোতি চ্যাটার্জী, ভোলানাথ সরকার, গোপাল ঘোষ ও এডেন ॥ ব্যবস্থাপনায় : সুধীর
রায়, বলাই আঢ্য, হরি ভট্টাচার্য ও সতীশ দাস ॥ বুসম্যান : পাঁচু নস্কর ।

**রূপায়ণে ॥ প্রসেনজিৎ ॥ মাধবী মুখোপাধ্যায় ॥ বিশ্বজিৎ ॥ অনুপকুমার**
(অতিথি শিল্পী) ॥ হারাধন ব্যানার্জী ॥ জ্ঞানেশ মুখার্জী ॥ প্রসাদ মুখার্জী ॥ ডঃ অজিত
অধিকারী ॥ গীতা দে ॥ সুরুচিবালা সেনগুপ্তা ॥ সীমা জানা ॥ মায়া দেবী ॥ প্রিয়া
চ্যাটার্জী ॥ শান্তা দেবী ॥ মিস্ চক্রবর্তী ॥ সংগীতা কর ॥ শমিতা বিশ্বাস (অতিথি
শিল্পী) ॥ মাঃ চীনা ॥ মাঃ বাপী ॥ মাঃ অধীর ॥ মাঃ স্বপন ॥ মাঃ অর্পন ও মাঃ মলয়।

কৃতজ্ঞতা স্বীকার : ডাঃ রণজিৎ কুমার চট্টোপাধ্যায়, মহেন্দ্র কুমার সাবু, মাধবী মুখোপাধ্যায়, হেমন্ত মুখোপাধ্যায়, অনুপকুমার, নীতা সেন, মিঃ দর্শন, মিঃ ও মিসেস্ জি, আই, মেহতা, মিঃ ও মিসেস্ হাজরা (চীফ্ এ্যারোড্রোম অফিসার) শঙ্কর মুখার্জী, কে, কে, দাস (ইষ্টার্ণ রেলওয়ে), ক্রাইষ্ট চার্চ স্কুল (দমদম) বাটা সু (চৌরঙ্গী শাখা), মূলারুজ, দক্ষিণেশ্বর কালীবাড়ী, দী পেপার হাউস (ভবানীপুর), চন্দ্রকুমার ষ্টোর্স, সরকার এ্যাণ্ড কোম্পানী, ওয়াণ্ডার ল্যাণ্ড, মৃণাল চক্রবর্তী, সুজিত দত্ত সমীর দা সুখর গোষ্ঠী, কেষ্ট মুখার্জী, (বোম্বে) বিমল দত্ত (বোম্বে) সমীর চৌধুরী (বোম্বে) অনিল মুখার্জী ও হৃষীকেশ মুখোপাধ্যায়।

ক্যালকাটা মুভিটোন ষ্টুডিও, ষ্টুডিও সাপ্লাই কো-অপারেটিভ সোসাইটি ষ্টুডিওতে আর, সি, এ শব্দযন্ত্রে গৃহীত এবং বোম্বের ফেমাস্ সিনে ল্যাবরেটরীজ, ও রামলর্ড রিসার্চ ল্যাবরেটরীজএ মুদ্রিত ও আংশিক ইণ্ডিয়া ফিল্ম ল্যাবরেটরীজ প্রাঃ লিমিটেডে আর, বি, মেহতার তত্ত্বাবধানে পরিস্ফুটিত।

॥ পরিবেশনা ॥ স্কাপস্ ফিল্মস্ প্রাইভেট লিমিটেড ॥

# কাহিনী



জীবন-সঙ্গিনী চ'লে গেল সংসারের মায়া-বাঁধন ছিঁড় ফেলে। একমাত্র শিশু-সন্তানকে তুলে দিয়ে গেল শোকাহত স্বামী সুবিমলের হাতে। তারপর এলো অনেক অনুরোধ, অনেক উপরোধ। সুবিমল কিন্তু আর বিয়ে ক'রলো না। সুবিমলের হৃদয়-ভরা স্নেহের উত্তাপে সেই শিশু বড় হয়। হাঁটতে শেখে, খেলতে শেখে, কথা বলে। সুবিমল তাকে আদর করে ডাকে 'বুম্বা'! তার সদা-সতর্ক দৃষ্টি—ছেলে যেন মায়ের অভাব কোনদিনও বুঝতে না পারে। একটু বড় হ'তেই সুবিমল বুম্বাকে কিণ্ডার-গার্টেন স্কুলে ভর্তি ক'রে দেয়। অফিস যাবার পথে ছেলেকে স্কুলে দিয়ে যায়। ফেরবার সময় নিয়ে আসে। স্কুলের বার্ষিক উৎসব-অনুষ্ঠান। বুম্বা রাজা সাজ্‌বে। সুবিমল মহাখুশী। অফিস ফেরৎ যাবে বুম্বার অভিনয় দেখ্‌তে। কিন্তু বিধি বিরূপ। অফিসের কাজ সারতে এমনিতেই দেরী হ'য়ে গেল। তারপর তাড়াহুড়ো ক'রে গাড়ী চালাতে গিয়ে ঘট্‌লো মর্মান্তিক দুর্ঘটনা।……বুম্বা বাড়ী ফিরলো। দেখলো বাবা বিছানায় শুয়ে পাশে ডাক্তার-নার্স। সুবিমলের একখানা পা অকেজো হয়েছে। অফিসে আর তার যাওয়া হয় না। বাড়ীতে বিছানায় সে শুয়েই থাকে। বিস্মিত হয়ে, ব্যথিত হ'য়ে দেখে— প্রকৃতির চিরন্তন ধর্মের কাছে তার সমস্ত চেষ্টার পরাজয় হ'য়েছে। দেখে, বুম্বা তার মাকে খুঁজতে সুরু ক'রেছে। বুম্বা জেনেছিল তার মা স্বর্গে আছে। স্বর্গ আকাশে। মাকে চিঠি লিখে সে-চিঠি বেলুনে বেঁধে-আকাশে উড়িয়ে দিয়ে আশায় আশায় অনেক





দিন সে ব'সে রইলো। জবাব এলো না। এয়ার পোর্টে গিয়ে স্বর্গের একখানা টিকিটের জন্যে সে অনেক অনুনয় বিনয় করলো কেউ কান দিল না। অকরুণ এই পৃথিবীর নিষ্ঠুর মানুষগুলোর ওপর নিদারুণ অভিমান নিয়ে সে রাত্রে ঘুমিয়ে পড়ে। স্বপ্নে মা'কে কাছে পায়। সকালে ঘুম ভাঙলে দেখে—সব মিথ্যে। বুম্বার পুঞ্জীভূত অভিমান একদিন বিক্ষোভ হ'য়ে ফেটে পড়ে একটি ছোট্ট জিজ্ঞাসায়, বাপী, আমার মা কোথায়? কিন্তু এ প্রশ্নের জবাব দেবার সাধ্য যে সুবিমলের নেই। সুবিমল অসহায়ভাবে দেখে— বুম্বা দুরন্ত হ'য়ে উঠ্‌ছে। বুম্বা অশান্ত হ'য়ে উঠ্‌ছে।

অবস্থা বুঝে সুবিমলের মাসতুতো ভাই কল্যাণ বুম্বাকে সরিয়ে নিয়ে যায় বরাহনগরে তার নিজের কাছে। …একদিন বুম্বা তার দিদার সংগে দক্ষিণেশ্বর মন্দিরে এলো, এসেই চোখে পড়লো—এক তরুণী তন্ময় হ'য়ে গান শুনছে। গান শুনছিল স্বামী-সন্তান হারা ধনীর দুলালী গীতা। বুম্বা দেখ্‌লো। মনে হ'লো এই বুঝি তার মা। ততক্ষণে গীতা গাড়ীতে উঠে চ'লে গেছে। কিছুদূরে এসে গাড়ী থামিয়ে সে ব্রীজের ওপর দাঁড়ালো। ঘটনাচক্রে বুম্বাও এসে গীতার গাড়ীর পিছনের সীটে বসে পড়েছে। গীতা গাড়ীতে উঠে ষ্টার্ট দিতে যাবে। "মা"—পিছন থেকে কানে এলো বুম্বার অভিমানভরা কণ্ঠ। গীতা বিস্মিত বিভ্রান্ত;—এ কে? বুম্বা নিশ্চিন্ত;—এই তো তার মা। তুমি কে? কোথায় থাক? বাবার নাম কি?—প্রশ্নের পর প্রশ্ন। কোন উত্তর না দিয়ে "মায়ের" কোলে মুখ লুকায় বুম্বা। বিব্রত হয় গীতা।

সুবিমল খবর পায়। সব দেখে সেও বিব্রত হয়। এক দিকে সুবিমল।— অন্যদিকে গীতা। মাঝখানে অশান্ত বুম্বার "ছোট্ট জিজ্ঞাসা" কোনদিনই কি জবাব খুঁজে পাবে না?







# সঙ্গীত

[ ১ ]

ও তোর ছেলে কাঁদে মা মা বলে
শুনেও কেন শুনিস না
ওকে কেন নিস্‌না কোলে
ছেলে কাঁদে মা মা বলে ॥
বল মা আমি কোথায় যাবো
কোথায় গেলে তো'রে পাবো
আরতো তোকে ছাড়বো না মা
একবার শুধু দেখা হলে ॥
একবার শুধু দেখা হলে
ছেলে কাঁদে মা মা বলে
মা············মা············গো
জনে জনে শুধাই ডেকে
দেখেছিস কি আমার মাকে
তারা সবাই অবাক হয়ে
আমার পানে চেয়ে থাকে
খুঁজে তোকে পেতেই হবে
বুকের জ্বালা মিটবে তবে
বলবো এই দেখ আমার-ই মা
হিংসায় সবাই মরবে জ্বলে
ছেলে কাঁদে মা মা বলে
মাগো·········ওগো·········মা ॥


[ ২ ]

ওগো
এই সময়ের ভাগিরথী যায় বহে যায়
সে যে শিবের জটা থেকে নেমেছিল এ ধরায়
আজও বহে যায়
সময়ের ভাগিরথী যায় বহে যায়
নদী এরে বলে সবাই
নদী নহে জননী ভাই
স্নেহ মায়া যায় বহে এর বুকেরো ধারায়
এই সময়ের ভাগিরথী যায় বহে যায়
ওপারে দক্ষিণেশ্বর এই নদীতে সিনান করে
মাকে পেয়েছিলেন রামকৃষ্ণ দেবেরি কৃপায়
এই সময়ের ভাগিরথী যায় বহে যায়।

ছোট্ট চোখে খোকন সোনার
ঘুম নেমে আয়
ঘুম পাড়ানি মাসি পিসি
ঘুম দিয়ে যায়
ছুঁ ছুঁ ছুঁ ছুঁ
মুড়লো যে নটে গাছটি
জুড়ালো যে পাড়া
ফুরলো যে কথা এবার
গল্প হল সারা
এমন তর লক্ষ্মী ছেলে
কজন মা আর পায়।
ঘুম পাড়ানি মাসি পিসি
ঘুম দিয়ে যায় ঘুম দিয়ে যায়।

[ ৩ ]

চাঁদ কপালে টিপ দিয়ে যা
খোকন সোনা ঘুমায়
ঘুম পাড়ানি মাসি পিসি
ঘুম দিয়ে যায়।
বুলবুলিতে ধান খেয়ে যায়
বর্গী এলো দেশে
খোকনকে যে কেড়ে নেবে
করবো কি হায় শেষে



* কলম্বিয়া রেকর্ডে গানগুলি শুনুন

পরবর্তী আকর্ষণ—

# রূপ বদল

পরিচালনায় ঃ সুধীর মুখার্জী

---

**বিশ্বজিৎ**

প্রযোজিত

**পরবর্তী নিবেদন**

**? ?**

**প্রতীক্ষায় থাকুন**

প্রকাশক : প্রচার সচিব নিতাই দত্ত, স্কাপস্ ফিল্মস্ প্রাঃ লিঃ এর পক্ষে
মুদ্রক : কিরণ প্রিন্টার্স, হাওড়া ॥ অলঙ্করণ : এস, স্কোয়ার
সম্পাদনা ও পরিকল্পনা : শ্রীপঞ্চানন